



হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস্ লিঃ HAKKANI PULP & PAPER MILLS LTD.

দ্বিতীয় বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস্ লিঃ এর সম্মানিত শেয়ারহোল্ডারদের অবহিত করা হচ্ছে যে, কোম্পানীর দ্বিতীয় বিশেষ সাধারণ সভা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ০৮ জুলাই ২০২০ তারিখের নির্দেশনা নং SEC/SRM/04/231/25 অনুযায়ী আগামী ১ ফেব্রুয়ারী ২০২৪ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় ডিজিটাল প্রাটফর্ম-<https://meetbd.live/hakkanilegm2024> এই লিংকের মাধ্যমে অনুষ্ঠিত হবে এবং যথোপযুক্ত মনে হলে কোনো পরিবর্তন সহ বা ছাড়াই নিম্নোক্ত সিদ্ধান্তটি বিশেষ সিদ্ধান্ত হিসাবে অনুমোদন করা :

সভার আলোচ্য বিষয় :

কোম্পানীর পরিশোধিত মূলধন বৃদ্ধি করার লক্ষ্যে বিদ্যমান উদ্যোক্তা ও পরিচালক এবং নতুন প্রতিষ্ঠানের নিকট (বিদ্যমান শেয়ারহোল্ডার ব্যতিত) যথাক্রমে ৭০,০০,০০০ (সত্তর লক্ষ) এবং ৯০,০০,০০০ (নব্বই লক্ষ)-টি নতুন সাধারণ শেয়ার প্রতিটি ১০.০০ (দশ) টাকা মূল্যে মোট ১৬,০০,০০,০০০.০০ (ষোল কোটি) টাকার শেয়ার নগদে ইস্যুকরণ।

প্রস্তাবিত বিশেষ সিদ্ধান্ত :

"এই মর্মে সিদ্ধান্ত হয় যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন ও সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থার অনুমোদন এবং আইন, বিধান ও আবশ্যিকীয় শর্ত পরিপালন সাপেক্ষে কোম্পানীর পরিশোধিত মূলধন বৃদ্ধি করার লক্ষ্যে কোম্পানীর বিদ্যমান উদ্যোক্তা ও পরিচালক এবং নতুন প্রতিষ্ঠানের (বিদ্যমান শেয়ারহোল্ডার ব্যতিত) নিকট যথাক্রমে ৭০,০০,০০০ (সত্তর লক্ষ) এবং ৯০,০০,০০০ (নব্বই লক্ষ)-টি নতুন সাধারণ শেয়ার প্রতিটি ১০.০০ (দশ) টাকা মূল্যে মোট ১৬,০০,০০,০০০.০০ (ষোল কোটি) টাকার শেয়ার নগদে ইস্যু করা হবে। সাধারণ শেয়ার ইস্যু করার উদ্দেশ্য হল কোম্পানীর পরিশোধিত মূলধন বৃদ্ধি করা যা কার্যকরী মূলধন হিসাবে ব্যবহার করা হবে এবং কোম্পানীর কার্যক্রম নিরবচ্ছিন্ন পরিচালনার জন্য যন্ত্রপাতির পরিবর্তন-আধুনিকীকরণ করা।"

সকল সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে উপরোল্লিখিত ডিজিটাল প্রাটফর্ম এর লিংক ব্যবহার অথবা নিম্নোক্ত QR Code স্কেনিং করে দ্বিতীয় বিশেষ সাধারণ সভায় অংশ গ্রহন করার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।



ভার্চুয়াল ইজিএম এর কিউআর কোড

পরিচালকমন্ডলীর আদেশক্রমে,

তারিখঃ চট্টগ্রাম।
ডিসেম্বর ১৮, ২০২৩



মোহাম্মদ মুসা
কোম্পানী সচিব



Chattogram Office : 2/10, D.T Road, North Pahartali, Chattogram, Bangladesh.
Phone : +88-02-43151463, 02-4315064-5 (PABX), Fax : +88-02-43152344
Factory : Mouza : Halim Kharcar, P/S : Patiya, Chattogram, Bangladesh.
Dhaka Office: Flat # B-3, 30, Topkhana Road, Paltan, Dhaka-1000, Bangladesh.



(চলমান পাত ২ এর ১)

E-mail : info@hakkanigroup.com
Web : www.hakkanigroup.com



হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস্ লিঃ HAKKANI PULP & PAPER MILLS LTD.

বিশেষ দৃষ্টব্যঃ

- (১) রেকর্ড ডেট / শেয়ার হস্তান্তর বই বন্ধের তারিখ ০৯ জানুয়ারী ২০২৪।
- (২) সম্মানিত শেয়ারহোল্ডারগণ দ্বিতীয় বিশেষ সাধারণ সভায় অংশ গ্রহন করার জন্য <https://meetbd.live/hakkaniegm2024> এই লিংকে প্রবেশ করতে হবে এবং ইউজার আইডি, বিও হিসাব নম্বর এবং পাসওয়ার্ড হিসাবে রেকর্ড ডেট এ ধারণকৃত শেয়ারের পরিমাণ প্রদান করতে হবে। শেয়ারহোল্ডারগণ তাদের প্রণ ও মতামত সভা শুরু ২৪ ঘন্টা পূর্বে ইলেকট্রনিক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে প্রদান করতে হবে। ভার্সুয়াল সভায় অংশ গ্রহনের জন্য প্রযুক্তিগত কোন সমস্যার সৃষ্টি হলে +৮৮-০১৭১৪-০৮৭৫১০ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ রইল।
- (৩) দ্বিতীয় বিশেষ সাধারণ সভায় উপস্থিত থাকা এবং ভোটাধিকার প্রয়োগে যোগ্য শেয়ারহোল্ডার নিয়ম অনুযায়ী রাজস্ব স্ট্যাম্প প্রক্সি ফরমে সংযোজন পূর্বক মিটিং শুরু হওয়ার কমপক্ষে ৪৮ ঘন্টা পূর্বে প্রক্সি নিযুক্ত করিতে পারিবেন।
- (৪) দ্বিতীয় বিশেষ সাধারণ বিজ্ঞপ্তি এবং প্রক্সি ফরম শেয়ারহোল্ডারগণের ইমেইল ঠিকানায় প্রেরণ করা হবে। এছাড়াও দ্বিতীয় বিশেষ সাধারণ বিজ্ঞপ্তি এবং প্রক্সি ফরম কোম্পানীর www.hakkanigroup.com ওয়েবসাইটে পাওয়া যাবে এবং শেয়ার বিভাগ থেকে সংগ্রহ করা যাবে।
- (৫) ভার্সুয়াল ইজিএম এর লিংক সম্মানিত শেয়ারহোল্ডারগণকে ম্যাসেজ এর মাধ্যমে যথা সময়ে অবহিত করা হবে।
- (৬) সকল ক্ষেত্রে বিএসইসি এর নির্দেশনা প্রযোজ্য হবে।



(চলমান পাত ২ এর ২)



Chattogram Office : 2/10, D.T Road, North Pahartali, Chattogram, Bangladesh.
Phone : +88-02-43151463, 02-4315064-5 (PABX), Fax : +88-02-43152344
Factory : Mouza : Halim Kharcar, P/S : Patiya, Chattogram, Bangladesh.
Dhaka Office: Flat # B-3, 30, Topkhana Road, Paltan, Dhaka-1000, Bangladesh.



E-mail : info@hakkanigroup.com
Web : www.hakkanigroup.com